



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

/প্রেস বিজ্ঞপ্তি/

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত

পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে

আগামী ১২ জানুয়ারি থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু

২২ জানুয়ারী শুক্রবার সারাদেশে পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে

ঢাকা, সোমবার, ১১ জানুয়ারি ২০১৬।

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৭ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামীকাল ১২ জানুয়ারি ২০১৬ খ্রি. মঙ্গলবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৩৭ হিজরি, ১০ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ২২ জানুয়ারী ২০১৬ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ আমজাদ আলী।

সভায় প্রধান তথ্য অফিসার তছির আহাম্মদ, মন্ত্রি পরিষদ বিভাগের সিনিয়র সহকারি সচিব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, তথ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোহাম্মদ নূরুল ইসলাম, ওয়ার্ক প্রশাসক ফয়েজ আহমেদ ভূঁইয়া, ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মজিবুর রহমান, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক মোঃ সাখাওয়াত হোসেন, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক সামছুদ্দিন আহমেদ, স্পারসোর সিএসও মোঃ শাহ আলম, ইসলামিক ফাউন্ডেশনের সচিব মোঃ অহিদুল ইসলাম, ঢাকা আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ প্রফেসর সিরাজ উদ্দিন আহমেদ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুহাম্মদ মিজানুর রহমান ও চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাসিম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৭ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে অদ্য ২৯ রবিউল আউয়াল ১৪৩৭ হিজরি, ২৮ পৌষ ১৪২২ বঙ্গাব্দ, ১১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ সোমবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া গেছে। ফলে আগামী ২৯ পৌষ ১৪২২ বঙ্গাব্দ, ১২ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ মঙ্গলবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৩৭ হিজরি, ১০ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ২২ জানুয়ারী ২০১৬ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে ফাতেহা-ই-ইয়াজদাহম পালিত হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬